



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

Web: www.kmu.ac.bd

স্মারক নং: খুমেবি/প.নি./নাসিং (বেসিক) প: ফরম পূরণ/০৭/২০২৬/ ১৬৪৭

তারিখ: ১৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই, ২০২৬ খ্রি:

বিএসসি ইন নার্সিং (বেসিক) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২৫ এর ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত সকল নার্সিং কলেজের ভর্তিকৃত শিক্ষার্থীদের বিএসসি ইন নার্সিং (বেসিক) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২৫ আগামী ০২.০৮.২০২৬ ইং তারিখ হতে শুরু হবে। উল্লিখিত পরীক্ষাসমূহের ফরম পূরণ অনলাইনের মাধ্যমে আগামী ০৫.০৭.২০২৬ ইং তারিখ হতে ০৯.০৭.২০২৬ ইং তারিখের মধ্যে সম্পন্ন করে অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর তালিকা ও প্রবেশপত্র আগামী ১৩.০৭.২০২৬ ইং তারিখ অফিস চলাকালীন সময় (বিকাল ৪:০০ টা) এর মধ্যে খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমাদানপূর্বক স্বাক্ষরযুক্ত প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ১০.০৭.২০২৬ ইং তারিখের পর হতে অনলাইন কার্যক্রম বন্ধ হয়ে যাবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী উল্লিখিত সময়ের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হবে তাদেরকে আগামী ১২.০৭.২০২৬ ইং তারিখে অতিরিক্ত ৫০০ টাকা বিলম্ব ফি সহকারে ফরম পূরণ করার সুযোগ দেয়া হবে। ১৩.০৭.২০২৬ ইং তারিখের পরে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে কোনো ফরম জমা অথবা গ্রহণ করা হবেনা।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে ফরম জমাদানের সময় প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ:

১. অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর প্রবেশপত্র (কালারপ্রিন্ট) এবং রেজিস্ট্রেশন কার্ডের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি।
২. অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর তালিকা।
৩. সকল কাগজপত্র একটি ফরওয়ার্ডিং লেটারসহ কলেজ প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।

ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ফি এর বিবরণ

ক্র. নং	ফি'র বিবরণ	টাকার পরিমাণ
০১.	বিএসসি ইন নার্সিং(বেসিক) কোর্সের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের চূড়ান্ত পরীক্ষা-২০২৫ প্রতি বিষয় (তত্ত্বীয়)	৮০০/-
০২.	বিএসসি ইন নার্সিং(বেসিক) কোর্সের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের চূড়ান্ত পরীক্ষা-২০২৫ প্রতি টার্ম (ব্যবহারিক)	৮০০/-
০৩.	পরীক্ষা কেন্দ্র পরিচালনা ফি (কলেজ কর্তৃপক্ষের অভ্যন্তরীণ ব্যয় নির্বাহের জন্য) প্রতি পরীক্ষার্থী	৮০০/-
০৪.	পরীক্ষা পরিদর্শন ফি (ডিজিটেল) বেসরকারি নার্সিং কলেজ প্রতিদিন ১০,০০০ X ২	২০,০০০/-
০৫.	পরীক্ষা কেন্দ্র নবায়ন ফি (কোর্স প্রতি) সরকারি নার্সিং কলেজ	১০,০০০/-
০৬.	পরীক্ষা কেন্দ্র নবায়ন ফি (কোর্স প্রতি) বেসরকারি নার্সিং কলেজ	৫০,০০০/-
০৭.	বিলম্ব ফি	৫০০/-

** পরীক্ষার্থীর ফরম ফিলাপ করার সময় <https://kmu.breachsoft.com/admit/public/login> এর Exam Form Fillup লিংকে প্রবেশ করে তথ্যাদি আপলোড ও টাকা জমাদানের জন্য জনতা ব্যাংক লিমিটেড, নিরালা শাখায়, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর ০১০০২৩২০৭৮৭৬১ নং হিসাবে জমা দিয়ে জমাদানের রশিদ ফরওয়ার্ডিং লেটারসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে। কেন্দ্র নবায়ন ফি পূর্বে জমা হয়ে থাকলে তার ফটোকপি জমা দিতে হবে। উল্লেখ্য, বিগত বছরের বকেয়া কেন্দ্র (যে সকল নার্সিং কলেজের নবায়ন ফি এখনো পরিশোধ করেনি) নবায়ন ফি প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

বিঃদ্র: পরীক্ষা কেন্দ্র পরিচালনা ফি পরীক্ষা চলাকালে অভ্যন্তরীণ ব্যয়ের জন্য স্ব স্ব কলেজ কর্তৃপক্ষের নিকট রাখার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Nasmin
০২/০৭/২০২৬

ডা. নাছরিন আক্তার

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

০১৯১১০৮৮৯৯৬

স্মারক নং: খুমেবি/প.নি./নাসিং (বেসিক) প: ফরম পূরণ/০৭/২০২৬/ ১৬৪৭(১৪)

তারিখ: ০২/০৭/২০২৬ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) কোষাধ্যক্ষ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ২) ডিন, সকল অনুষদ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৩) অধ্যক্ষ, খুলনা মমতা নার্সিং কলেজ, খুলনা/এশিয়ান নার্সিং কলেজ, খুলনা/নার্সিস মেমোরিয়াল নার্সিং কলেজ, বাগেরহাট/ওয়ার্ল্ড নার্সিং কলেজ, মাগুরা/নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, খুলনা/নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, যশোর/খায়রুল্লাহ নার্সিং কলেজ, চৌগাছা, যশোর।
- ৪) পিএস টু ভিসি, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। (বিষয়টি উপাচার্য মহোদয়ের দৃষ্টিগোচর করার অনুরোধসহ)
- ৫) সহকারী প্রোগ্রামার, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড এর অনুরোধসহ)
- ৬) পিও টু রেজিস্ট্রার, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৭) কলেজ পরিদর্শক দপ্তর/অর্থ ও হিসাব দপ্তর, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৮) নোটিশ বোর্ড/দপ্তর নথি/সংরক্ষণ নথি

02.07.26
০২.০৭.২৬

মো. অহিদুজ্জামান

প্রশাসনিক কর্মকর্তা (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়